সূত্র : নিক/২০
তারিখ: অক্টোবর ২৬, ২০২৫

আগামী ২৯ নভেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের
সম্মানিত ভোটারবৃন্দ,
আসসালামু আলাইকুম ও আন্তরিক শুভেচ্ছা।

ক. নির্বাচন কমিশন অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছে যে, বিভিন্ন পদের বিপরীতে ৫১ টি মনোনয়নপত্রের মধ্যে ৫০ টি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। প্রতি পদের জন্য কতজন প্রার্থী এবং তাঁদের নাম ও অন্যান্য বিবরণ সহ তালিকা সংযুক্ত করা হলো।

খ. নির্বাচন তফসিল অনুযায়ী এই তালিকায় মনোনয়ন পাননি এমন যে কোন ব্যক্তি আগামী ২৯ অক্টোবর ২০২৫ বিকেল ৪ ঘটিকার মধ্যে আপিল করিতে পারিবেন। আগামী ৩ নভেম্বর ২০২৫ তারিখ সকাল ১১ ঘটিকা থেকে দুপুর ২ ঘটিকা পর্যন্ত নির্বাচন আপিল বোর্ডের নিকট তিনি শুনানিতে উপস্থিত থাকিতে পারিবেন।

গ. নির্বাচন আপিল বোর্ডের সিদ্ধান্ত সাপেক্ষে নির্বাচন কমিশন আগামী ৪ঠা নভেম্বর ২০২৫ তারিখ সকাল ১১ ঘটিকায় বৈধ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করিবেন। আপিলের জন্য কোন আবেদন না পাওয়া গেলে এই তালিকাটি চূড়ান্ত বৈধ তালিকা বলিয়া গন্য হইবে।

ঘ. নির্বাচন স্বচ্ছ এবং আরো বেশি গ্রহণযোগ্য করার লক্ষ্যে নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে যাহারা বর্তমানে আহব্বায়ক কমিটির বিভিন্ন পদে দায়িত্ব পালন করছেন তাঁদেরকে আহ্বায়ক কমিটির দায়িত্ব থেকে অব্যাহতি নেওয়ার জন্য নির্বাচন কমিশন বিনয়ের সাথে পরামর্শ প্রদান করছে।

ঙ. নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে বিস্তারিত এবং ভোট প্রদানের পদ্ধতি হাতে কলমে দেখানোর জন্য নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের নিয়ে নির্বাচন কমিশন Physical উপস্থিতিতে কুমিল্লা এবং ঢাকায় দুইটি কর্মশালার আয়োজন করতে যাচ্ছে। সময় সূচি খুব শীঘ্রই Candidates CZSAA WhatsApp গ্রুপে জানিয়ে দেয়া হবে। এছাড়াও নির্বাচন কমিশন সকল ভোটারের জন্য একাধিক Virtual কর্মশালার আয়োজন করবে।

চ. আগামী ২২ নভেম্বর ২০২৫ রোজ শনিবার রাত ৮-৩০ মিনিটে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের নিয়ে একটি Projection Meeting হবে। সভাটি Virtually হবে এবং একই সাথে পৃথিবীর যে কোন প্রান্ত থেকে যে কোন ভোটার প্রত্যেক প্রার্থীর বক্তব্য শুনতে পাবেন। প্রতি প্রার্থী তাঁর বক্তব্য পেশ করার জন্য সময় পাবেন সর্বোচ্চ ৫ মিনিট।

ছ. সকল ভোটার যেন প্রার্থীদের সম্পর্কে জানতে পারেন, বুঝতে পারেন সেই জন্য সকল প্রার্থীর জীবন বৃত্তান্ত নিয়ে একটি Digital পুস্তিকা এই সাথে সংযুক্ত করা হলো।
(Sorry for the delay; a few mistakes were detected at the last moment. I hope to send the E-Book by tomorrow.)

জ. নির্বাচন কমিশন নির্বাচন কেন্দ্র বিষয়ে আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণ করবে ইনশাআল্লাহ ।

ঝ. নির্বাচন আচরণবিধি নিয়ে এই সাথে সংযুক্ত করা হলো । সবাইকে নির্বাচন আচরণবিধি মেনে চলার জন্যে বিনীত অনুরোধ জানাচ্ছি ।

আমাদের আজকের অংগীকার হউক একটি অংশগ্রহণমূলক, স্বচ্ছ এবং সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করে  নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে Most Dynamic নেতৃত্ব গড়ে তোলা ।

আমরা সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ ও সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

শুভেচ্ছান্তে
একেএম কামরুল ইসলাম, এফসিএ
প্রধান নির্বাচন কমিশনার
নির্বাচন কমিশন
কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই এসোসিয়েশন